# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

## হাদিস নাম্বারঃ ১৮৮

পর্ব-১: ঈমান (বিশ্বাস) (كتاب الإيمان)

পরিচ্ছেদঃ ৫. তৃতীয় অনুচ্ছেদ - কিতাব ও সুন্নাহকে সুদৃঢ়ভাবে আঁকড়ে ধরা

باب الاعتصام بالكتاب والسنة ـ الفصل الثالث

---

### আরবী

وَعَنْ حَسَّانَ قَالَ: «مَا ابْتَدَعَ قَوْمٌ بِدْعَةً فِي دِينِهِمْ إِلَّا نَزَعَ اللَّهُ مِنْ سُنَّتِهِمْ مِثْلَهَا ثُمَّ لَا يُعِيدُهَا إِلَيْهِمْ إِلَى يَوْمِ الْقِيَامَة.» رَوَاهُ الدَّارمِيّ

### বাংলা

১৮৮-[৪৯] হাসসান (ইবনু 'আতিয়্যাহ্) (রহঃ) হতে বর্ণিত। তিনি বলেন, কোন জাতি যখন দীনের মধ্যে কোন বিদ্'আত সৃষ্টি করে, তখনই আল্লাহ তা'আলা তাদের থেকে সে পরিমাণ সুন্নাত উঠিয়ে নেন। ক্বিয়ামাত (কিয়ামত) পর্যন্ত এ সুন্নাত আর তাদেরকে ফিরিয়ে দেয়া হয় না। (দারিমী)[1]

### ফুটনোট

[1] সহীহ : দারিমী ৯৮।

### ব্যাখ্যা

ব্যাখ্যা: বিদ্‘আত সৃষ্টি করার কারণে আল্লাহ তা‘আলা সুন্নাতকে উঠিয়ে নেন। তার কারণ এই যে, যখন সুন্নাত তার স্থলে অবিচল ছিল। অতঃপর একে যেখান থেকে উঠিয়ে নেয়া হলে তা’ যথাস্থানে ফিরিয়ে দেয়া আর সম্ভব হয় না। এর দৃষ্টান্ত হলো ঐ বৃক্ষের ন্যায় যার শিকড়গুলো মাটির নীচে চলে গিয়েছিল, অতঃপর গাছটিকে শিকড়সহ উপড়িয়ে ফেলা হয়েছে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ হাদিস একাডেমি

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=54747

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন